

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৪৪৭(আগরতলা, ২০।৩)  
কৈলাসহর, ২০মার্চ, ২০১৭

রাঙরুং চা-বাগানে প্রশাসনিক শিবির ২২ মার্চ

কৈলাসহর মহকুমা প্রশাসনের উদ্যোগে চন্ডীপুর ব্লকের রাঙরুং চা বাগানের অফিস কমপ্লেক্সে আগামী ২২ মার্চ প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে মহকুমা শাসক সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে জনগণের সাথে মত বিনিময় করবেন। এছাড়া, শিবিরে প্রশাসনের পক্ষ থেকে পি আর টি সি, এস সি এবং এস টি সার্টিফিকেটের আবেদন পত্র গ্রহণ করা হবে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে স্বাস্থ্য শিবির ও প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে প্রাণী চিকিৎসা শিবিরের আয়োজন করা হবে। সংশ্লিষ্ট এলাকার জনগণকে শিবিরের বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করার জন্য মহকুমা শাসক অনুরোধ জানিয়েছেন।

\*\*\*\*\*

D.N